

গম-৪/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২০

তারিখ: ২৫ পৌষ ১৪২৬

০৯ জানুয়ারি ২০২০

বিষয়: বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য সড়ক ও নৌপথে মোট ৪০৫০ মে.টন গমের চলাচলসূচি।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৬/০১/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২১০.৪৩.০০১.২০.৯৯ নং স্মারক।

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর ০৬/০১/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৫২.৫০.০৯৮.১৮-৭০ নং স্মারক।

৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ এর ০৬/০১/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.৯০০০.০০৩.৩৬.০০৫.১১.৪৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম ও সিলেট বিভাগের ইপি/ওপি, ময়দাকল এবং মাননীয় প্রধানমন্ত্রীর আশ্রয়ন-২ প্রকল্প খাতে বিলি-বিতরণের জন্য সূত্রস্থ স্মারকগুলোতে গমের চাহিদা প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে চট্টগ্রাম ও সিলেট বিভাগের কতিপয় এলএসডিতে ইপি/ওপি, ময়দাকল এবং আশ্রয়ন খাতে বিলি-বিতরণের জন্য সাশ্রয়ী রুট, বর্তমান মজুত বিবেচনা করে সড়ক ও নৌপথে মোট ৪০৫০ মে.টন গমের চলাচল সূচি নিম্নোক্তভাবে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচল সূচিঃ

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র		পরিমাণ (মে.টন)	গম	মাধ্যম	মন্তব্য
১.	চট্টগ্রাম সাইলো	কুমিল্লা	চকবাজার	এলএসডি	১০০	গম	সড়ক	চসনি, চট্টগ্রাম উপ-সূচি জারি করবেন।
২.	ঐ	ঐ	মুরাদনগর	”	২০০	ঐ	ঐ	ঐ
৩.	ঐ	ঐ	দৌলতগঞ্জ	”	২০০	ঐ	ঐ	ঐ
৪.	ঐ	নোয়াখালী	সোনাপুর	”	৩০০	ঐ	ঐ	ঐ
৫.	আশুগঞ্জ সাইলো	সিলেট	সিলেট	”	৫০০	ঐ	ঐ	ঐ
৬.	ঐ	ঐ	খাদিমনগর	”	১০০	ঐ	ঐ	ঐ
৭.	ঐ	হবিগঞ্জ	হবিগঞ্জ	”	২৫০	ঐ	ঐ	ঐ
৮.	ঐ	সুনামগঞ্জ	জগন্নাথপুর	”	২০০	ঐ	ঐ	ঐ
৯.	ঐ	ঐ	দিরাই	”	৫০০	ঐ	ঐ	ঐ

১০.	ঐ	ব্রাহ্মণবাড়িয়া	ব্রাহ্মণবাড়িয়া	”	৫০০	ঐ	ঐ	জেখানি, ব্রাহ্মণবাড়িয়া উপ-সূচি জারি করবেন।
				মোট =	২৮৫০			


নৌপথে গমের চলাচল সূচিঃ

ক্র. নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	আশুগঞ্জ সাইলো	সুনামগঞ্জ	মল্লিকপুর এলএসডি	৯০০	বস্তাবন্দি গম	নৌ	চসসা বিভাগ উপ-সূচি জারি করবেন।
২.	ঐ	ঐ	ছাতক	২০০	ঐ	ঐ	ঐ
৩.	ঐ	ঐ	সাচনা	১০০	ঐ	ঐ	ঐ
			মোট =	১২০০			
			সর্বমোট=	৪০৫০			

পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলিঃ

- ১। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম ও আশুগঞ্জ সাইলো প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন;
- ২। আখানি/চসনি/জেখানি প্রযোজ্য ক্ষেত্রে সূচির এলএসডি/সিএসডি'র ক্রমানুযায়ী উপ-সূচি জারি করবেন এবং অত্র দপ্তরে উক্ত উপ-সূচির কপি/অনুলিপি প্রেরণ করবেন;
- ৩। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রযোজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;
- ৪। কীট আক্রান্ত কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;
- ৫। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথথাতে প্রদর্শন করা যাবে না;
- ৬। ভি-ইনভয়েসে গমে গুণগতমান ও ধরণ সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- ৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;
- ৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;
- ৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;
- ১০। সূচির মেয়াদ আগামী ২০/০১/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;
- ১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা যেতে পারে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



৯-১-২০২০

মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক

প্রাপক :


- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ২) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো
- ৩) সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম।
- ৫) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য), চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২০/১(৯)

তারিখ: ২৫ পৌষ ১৪২৬
০৯ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ।
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি।



৯-১-২০২০

মোঃ সেলিমুল আজম
উপ-পরিচালক